**স্নাতক পাঠক্রম ( B.D.P.)**

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬**

# অর্থনীতি ( Economics )

***ঐচ্ছিক পাঠক্রম ( Elective )***

**পঞ্চম পত্র** ( 5th Paper : **International Trade & Development Economics** )

**সময় ঃ চার ঘণ্টা** — **পূর্ণমান ঃ ১০০**

Time : 4 Hours — Full Marks : 100

( মানের গুরুত্ব ঃ ৭০% )

( Weightage of Marks : 70% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

**Special credit will be given for accuracy and relevance in the answer. Marks will be deducted for incorrect spelling, untidy work and illegible handwriting. The weightage for each question has been indicated in the margin.**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) উপযুক্ত দৃষ্টান্তসহ চরম ব্যয় পার্থক্য এবং তুলনামূলক ব্যয় পার্থক্যের নীতি দুটি আলোচনা করুন এবং কিভাবে আন্তর্জাতিক বাণিজ্যের ভিত্তি রূপে এই ধারণাদুটিকে বিবেচনা করা যায় তা ব্যাখ্যা করুন। ১০ + ১০





(খ) উৎপাদনের উপকরণের দামের সমতা তত্ত্বটি ব্যাখ্যা করুন। ২০

(গ) (i) আন্তর্জাতিক বাণিজ্য থেকে উদ্ভূত লাভগুলির আয়তন নির্ধারণকারী বিষয়গুলিকে সংক্ষেপে আলোচনা করুন। ৮

(ii) কিভাবে আন্তর্জাতিক বাণিজ্য থেকে উদ্ভূত লাভগুলিকে উৎপাদনজনিত লাভ এবং ভোগজনিত লাভ রূপে বিভক্ত করা যায় তা ব্যাখ্যা করুন। ৬ + ৬

(ঘ) দৃষ্টান্তসহ ধনাত্মক ও ঋণাত্মক বাহ্যিকতা এবং উৎপাদন ও ভোগের ওপর এ ধরনের বাহ্যিকতাগুলির ফলাফল সম্পর্কে আলোচনা করুন। ৫ + ৫ + ৫ + ৫

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) উৎপাদনের উপকরণের আধিক্যের সংজ্ঞা রূপে ঐ উপকরণের বস্তুগত পরিমাণ ভিত্তিক সংজ্ঞা এবং দাম ভিত্তিক সংজ্ঞাদুটি আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত হেক্‌শচার-ওলিন তত্ত্ব অনুযায়ী আলোচনা করুন। ৬ + ৬

(খ) (i) স্টলপার-স্যামুয়েলসন তত্ত্বটি সংক্ষেপে আলোচনা করুন।

(ii) মেটজ্লার কূটাভাসটি সংক্ষেপে আলোচনা করুন। ৬ + ৬

(গ) (i) কর আরোপ করা সংক্রান্ত লিন্ডালের বিশ্লেষণকৃত সুবিধার নীতিটি আলোচনা করুন।

(ii) একটি পরোক্ষ করের বোঝার সঞ্চালন নির্ধারণকারী বিষয়গুলি কি কি ? ৮ + ৪

(ঘ) (i) একটি পরোক্ষ করের ক্ষেত্রে কিভাবে অতিরিক্ত বোঝা সৃষ্টি হয় তা ব্যাখ্যা করুন।

(ii) মূলধনী লাভকে আপনি আয় রূপে বিবেচনা করতে পারেন কি ? যদি তাই হয়, আপনি এটিকে আয়ের হিসাবের অন্তর্ভুক্ত করবেন কি ? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদান করুন। ৮ + ৪

(ঙ) কর এবং সরকারী ঋণের ফলাফলের মধ্যে তুলনা করুন। এ দুটির মধ্যে কোন্‌টিকে আপনি পছন্দ করেন এবং কেন ?

(চ) (i) একটি কাল্পনিক উদাহরণের সাহায্যে লেনদেন উদ্বৃত্তের হিসাবকে মূলধনী খাত এবং চলতি খাত — এই দুই ভাগে শ্রেণীবিভাগ করুন এবং ব্যাখ্যা করুন।





(ii) ''লেনদেন উদ্বৃত্তে সর্বদাই সমতা আসে।'' — এই বিবৃতিটির তাৎপর্য বিচার করুন। ৮ + ৪

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) লেনদেন উদ্বৃত্তে সমতা রক্ষাকারী স্বয়ংক্রিয় ও সমন্বয়কারী লেনদেন-এর বিষয়গুলি আলোচনা করুন।

(খ) ক্ষুদ্র এবং বৃহৎ দেশগুলির মধ্যে আন্তর্জাতিক বাণিজ্য থেকে উদ্ভূত লাভগুলি কিভাবে বন্টন করা হয় ?

(গ) একটি একচেটিয়া কারবারী ফার্মের ক্ষেত্রে মূল্যানুযায়ী কর ধার্যের ফলাফল বিচার করুন।

(ঘ) সঞ্চয়ের ওপর আয়করের ফলাফল বিচার করুন।

(ঙ) সরকারী (অর্থাৎ সামাজিক) দ্রব্যগুলির বৈশিষ্ট্যসমূহ আলোচনা করুন।

(চ) ''একটি অভ্যন্তরীণ সরকারী ঋণ জনগণের ওপর কোনো বোঝা চাপায় না।'' — বিবৃতিটি বিচার করুন।

(ছ) একটি নির্দিষ্ট অফার রেখা বরাবর ঐ অফার রেখার বিভিন্ন স্থিতিস্থাপকতা বিচার করুন।

(জ) যুক্তরাষ্ট্রীয় রাজস্ব ব্যবস্থায় অনুভূমিক অসমতা এবং উল্লম্ব অসমতার ধারণাদুটি সংক্ষেপে আলোচনা করুন। ৩ + ৩

## English Version

1. Answer any *two* questions : 20 × 2 = 40

   (a) Discuss the concepts of absolute and comparative differences in costs with suitable examples and explain how these can be considered as the basis of the origin of international trade. 10 + 10

   (b) Explain the Factor Price Equalisation theorem. 20

   (c) (i) Discuss in brief, the factors governing the size of gains from international trade. 8

   (ii) Explain how the gains from international trade may be divided into consumption gains and production gains. 6 + 6

   (d) Discuss the positive and negative externalities with examples and their effects on production and consumption.

   5 + 5 + 5 + 5





2. Answer any *three* questions : 12 × 3 = 36

   (a) Discuss the physical definition and price definition of factor abundance as observed in the Heckscher-Ohlin model of international trade. 6 + 6

   (b) (i) Explain in brief, the Stolper-Samuelson theorem.

   (ii) Explain in brief, the Metzler Paradox.

   6 + 6

   (c) (i) Discuss Lindahl's analysis of benefit approach to taxation.

   (ii) What factors govern the shifting of burden of an indirect tax ? 8 + 4

   (d) (i) Explain how there occurs an excess burden of an indirect tax.

   (ii) Can you consider capital gains as income ? If so, will you recommend to include it within the estimate of income ? Give arguments for your answer. 8 + 4

(e) Compare the effects of taxation and borrowing by the government. Which of these two do you prefer and why ?

(f) (i) Classify and explain the Balance of Payments Account into Capital and Current Accounts with the help of an imaginary example.

(ii) "Balance of Payments always balances." Examine the significance of this statement. 8 + 4

3. Answer any *four* questions : 6 × 4 = 24

(a) Discuss the autonomous and accommodating items in maintaining equilibrium in the balance of payments.

(b) How are gains from international trade distributed between small countries and large countries ?

(c) Examine the effects of imposition of an Ad Valorem Tax in case of a monopoly firm.





(d) Examine the effects of income tax upon savings.

(e) Discuss the characteristics of Public (*i.e.* social) goods.

(f) "An internally held public debt imposes no burden on the community." Examine the statement.

(g) Examine the different elasticities of the offer curve along the same offer curve.

(h) Discuss in brief, the 'horizontal' and 'vertical' fiscal imbalances in the federal system of revenue. 3 + 3